

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩৭৪

১৪. মানত ও শপথ অধ্যায় (کتاب النذور والأيمان) পরিচ্ছেদঃ ২. মানতের কাফ্ফারা সম্পর্কে

بَابِ فِي كَفَّارَةِ النَّذْرِ

## আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا هَمَّامٌ أَخْبَرَنِي قَتَادَةُ عَنْ عِكْرِمَةَ عَنْ ابْنِ عَبَّاسٍ أَنَّ أَخْتَ عُقْبَةَ نَذَرَتْ أَنْ تَمْشِيَ إِلَى الْبَيْتِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ لَخْتِ عُقْبَةَ نَذَرَتْ أَنْ تَمْشِيَ إِلَى الْبَيْتِ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ لَخْتِيُّ عَنْ نَذْرِ أُخْتِكَ لِتَرْكَبْ وَلْتُهْدِ هَدْيًا

## বাংলা

২৩৭৪. ইবনু আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। উকবা ইবনু আমির-এর বোন পায়ে হেঁটে বাইতুল্লাহ'য় (হাজ্জে) যাওয়ার মানত করল। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ আল্লাহ্ তা'আলা তোমার বোনের এ মানতের মুখাপেক্ষী নন। সে যেন বাহনে সওয়ার হয়ে হজ্জ করতে যায় এবং একটি পশু কুরবানী করে।"[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: আবূ দাউদ, আইমান ওয়ান নুযূর ৩২৯৬, ৩২৯৭; আহমাদ ১/২৩৯, ২৫৩, ৩১১; তাবারাণী, কাবীর ১১/৩০৮ নং ১১৮২৮, ১১৮২৯; ইবনুল জারুদ, আল মুনতাক্লা, ৯৩৬; বাইহাকী, নুযুর ১০/৭৯; আবী ইয়া'লা নং ২৭৩৭; হাকিম ৪/৩০২ তে একে সহীহ বলেছেন; মুহাম্মদ ইবনু আব্দুল্লাহ, আল গাইলানির্য়াহ নং৭০৭, ৭০৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন